# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০১

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৬. ইসতিনজার পরে যিনি মাটিতে হাত ঘষেন, সে সম্পর্কে

بَاب فِيمَنْ يَمْسَحُ يَدَهُ بِالتُّرَابِ بَعْدَ الِاسْتِنْجَاءِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ أَبَانَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي حَازِمٍ عَنْ مَوْلًى لِأَبِي هُرَيْرَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ائْتِنِي بِوَضُوءٍ ثُمَّ دَخَلَ غَيْضَةً فَأَتَيْتُهُ بِمَاءٍ فَاسْتَنْجَى ثُمَّ مَسَحَ يَدَهُ بِالتُّرَابِ ثُمَّ غَسَلَ يَدَيْهِ

إسناده ضعيف لجهالة مولى أبي هريرة

## বাংলা

৭০১. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: “আমার জন্য পানি আনো।” তারপর তিনি ঝোপের আড়ালে প্রবেশ করলেন। তখন আমি তাঁর জন্য পানি নিয়ে এলাম আর তিনি পানি দ্বারা ইসতিনজা (শৌচকার্য) করলেন তারপর মাটিতে হাত ঘষলেন। তারপর তিনি তাঁর উভয় হাত ধুয়ে ফেললেন।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, আবু হুরাইরা’র গোলামের অজ্ঞাত পরিচয় হওয়ার কারণে। তবে শাহিদ থাকার কারণে এটি হাসান।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ করেছি মুসনাদুল মাউসিলী নং ৬১৩৬, ও সহীহ ইবনু হিব্বান নং ১৪০৫; মাওয়ারিদুয যাম’আন নং ১৩৯ হাসান হাদীস এটি। দেখুন এরপরেরটিও। (আহমদ ২/৩১১, ৩৫৮, ৪৫৪ নং ৮০৯০, ৮৬৮০, ৯৮৬২; আবু দাউদ ৪৫; নাসাঈ ৫০, ৫১; ইবনু মাজাহ ৩৫৮, ৩৫৯; বাইহাকী, সুনানুল কুবরা ১/১০৬, ১০৭; সহীহ ইবনু হিব্বান ৮৯; তাবারানী, আল কাবীর ২/৩৮০ নং ২৩৯৩- ফাতহুল মান্নান হা/৭২৩। -অনুবাদক)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76077

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন